




# বাংলা দ্বিতীয় পত্র

SUPER



১। অনুবাদ

২। পত্র লিখন

৩। কাল্পনিক সংলাপ

৪। গ্রন্থ

সমালোচনা

৫। রচনা

# অনুবাদ

আক্ষরিক অনুবাদ  
Literal Translation

ভাবানুবাদ  
Faithful Rendering/  
Trans-creation

## আক্ষরিক অনুবাদের উদাহরণ

## ভাবানুবাদ এর উদাহরণ

English : Many men, many mind.


English : Many men, many mind.

বাংলা : অনেক মানুষ অনেক মন।

বাংলা : নানা মুনির নানা মত।

## অনুবাদের নিয়ম ও সচেতনতা

অধ্যাপক ড. সৌমিত্র শেখর এর BCS লিখিত বিষয়ক বই ‘বাংলা দর্পণ’ থেকে নিয়মাবলী তুলে ধরা হলো:



- ১) মূল টেক্সট ভালোভাবে পড়ে এর যথাযথ অর্থ অনুধাবন করা প্রয়োজন। কোন শব্দ কোন অর্থে ব্যবহৃত হয়েছে তা স্বচ্ছভাবে বুঝে নিতে হবে।
- ২) সংশ্লিষ্ট ভাষায় **phrase** ও **idioms** সম্পর্কে সচেতন থাকতে হবে।
- ৩) ইংরেজি নাম গুলো ইংরেজি হিসেবেই অনুবাদ করতে হবে।

## অনুবাদের নিয়ম ও সচেতনতা



৪) ভাষা শুদ্ধ ও সহজবোধ্য না হলে অনুবাদ হবে না। মূল রচনার অলংকারিক কোনো বৈশিষ্ট্য যেন অনুবাদে বজায় থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।

৫) মূল ভাষা ও অনূদিত ভাষার গঠনশৈলী ও শব্দ ভান্ডার, প্রবাদ-প্রবচন অর্থাৎ ব্যাকরণের সূক্ষ্ম বিষয় সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

## অনুবাদের নিয়ম ও সচেতনতা

৬) ইংরেজি কোন প্রবাদ বাক্যের আক্ষরিক অর্থ না করে ভাবানুবাদ করতে হবে। বাংলায় সেই অর্থে ব্যবহৃত প্রবাদ বাক্য ব্যবহার করাই উত্তম। যেমন : ‘Cut your coat according to your cloth’ এর বাংলায় সংশ্লিষ্ট প্রবাদ বাক্য হল ‘আয় ব্যয় বুঝে কর।’

৭) ইংরেজি Passive Voice এর বাংলা অনুবাদ কখনো কখনো Active বা কর্তৃবাচ্যে ভালো শোনায়। যেমন ‘We are told’ এর বাংলায় ‘আমরা শুনেছি’ ভালো শোনায়।

## অনুবাদের নিয়ম ও সচেতনতা

৬) ইংরেজি বাক্যের subject কোনো impersonal noun হলে সাধারণত সবাইকে বোঝায়। যেমন 'One should love one's parents' এর বাংলা অনুবাদ 'একজনের উচিত একজনের মা-বাবাকে ভালোবাসা' না হয়ে হবে 'মা-বাবাকে ভালোবাসা উচিত।'

৯) সাধু ও চলিত ভাষার মিশ্রণ করা যাবে না। যেকোনো একটি ভাষায় অনুবাদ করতে হবে।



## অনুবাদের নিয়ম ও সচেতনতা

১০) ক্রিয়ার কাল, বচন, পুরুষ, প্রত্যক্ষ ও পরোক্ষ উক্তির বিষয়ে সচেতন থাকতে হবে।

১১) অনুবাদের শেষে বারবার পড়ে দেখা উচিত যেন তা বাংলা মনে হয়।

১২) অনুবাদ ও তরজমা একইসঙ্গে সুন্দর ও বিশ্বস্ত হয়না।





## অনুবাদের নিয়ম ও সচেতনতা

১৩) অনুবাদ ও তরজমা হয় বিশ্বস্ত অর্থাৎ মূলানুগ হয়, না হয় সুন্দর হয়।

১৪) যিনি সাহিত্যের তরজমা করেন তাকে বিশ্বস্ততা ও সৌন্দর্য দুই দিকেই নজর রাখতে হয়। আবার সংবাদপত্রের জন্য যিনি অনুবাদ করেন, খবর কিংবা নিবন্ধটি তরজমা করেন যিনি তুলনায় তাকে বেশি গুরুত্ব আরোপ করতে হয় মূলের প্রতি বিশ্বস্ততার ওপরেই।



# অনুবাদের নিয়ম ও সচেতনতা

১৫) সার্থক অনুবাদ এক ধরনের মৌলিক সৃষ্টি।

১৬) প্রতিটি ভাষারই একটি গঠনকৌশল থাকে। বাক্য গঠন কৌশল ও পদস্থাপন এর রীতিতে প্রতিটি ভাষায় স্বতন্ত্র। ইংরেজি ও বাংলার ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য তাই অনুবাদের সময় উভয় ভাষার নিয়ম শৃঙ্খলা ও প্রকৃতি সম্পর্কে সম্যক জ্ঞান থাকা আবশ্যিক।



# ইংরেজি থেকে বাংলা অনুবাদের নিয়মাবলী

- ১) ইংরেজি ভাষার বিভিন্ন প্রকারের বাক্যের গঠনশৈলী জানা থাকতে হবে।
- ২) ইংরেজি ভাষার শব্দভাণ্ডার সম্পর্কে ভালো জ্ঞান থাকতে হবে।
- ৩) ক্রিয়ার কাল, বচন, পুরুষ, প্রত্যক্ষ ও পরোক্ষ উক্তির বিষয়ে সচেতন থাকতে হবে।



## ইংরেজি থেকে বাংলা অনুবাদের নিয়মাবলী

৪) আপাতদৃষ্টিতে সহজ ইংরেজি সরল বাক্যের অনুবাদ সব সময় সহজ নয়, সেদিকে দক্ষতা অর্জন করতে হবে।

যেমন I am well এর অর্থ আমি ভালো আছি, কিন্তু I am going well এর আক্ষরিক অনুবাদ আমি ভালো আছি বললে কিন্তু হবে না।

I am going well এর আসলে বাংলায় অনুবাদ হয় 'আমার সময় ভালোই কাটছে' অথবা লেখাপড়া প্রভৃতি এগুলো ভালোই যাচ্ছে এরকম অর্থ বুঝায়।

# ইংরেজি থেকে বাংলা অনুবাদের নিয়মাবলী

৫) অনুবাদের শেষে বার বার পড়ে দেখা উচিত যেন তা বাংলা মনে হয়।

SUPER



# Example

## English:

Liberty does not descend upon a people; people must raise themselves to it. It is a fruit that must be earned before it can be enjoyed. That freedom means freedom only from a foreign rule is an outworn idea. It is not merely government that should be free but people themselves should be free. And no freedom has only real value for the common man or woman unless it also means freedom from want, disease and ignorance.

# বঙ্গানুবাদ

স্বাধীনতা কোনো জাতির কাছে নেমে আসে না বরং জাতিকে স্বয়ং এর কাছে উঠে আসতে হয়। স্বাধীনতা এমন একটি ফল যা ভোগ করতে চাইলে অবশ্যই আগে অর্জন করে নিতে হবে। বিদেশি শাসন থেকে মুক্তি লাভ মানে স্বাধীনতা-এটি একটি পুরনো ধারণা। শুধু সরকার স্বাধীন হলেই চলে না বরং জনগণকেও স্বাধীন হতে হয়। যে স্বাধীনতা অভাব রোগ-ব্যাধি ও অজ্ঞতা থেকে মুক্তি প্রদান করতে পারে না, সাধারণ মানুষের কাছে সে স্বাধীনতার সত্যিকারের কোনো মূল্য নেই।

## সৃজনশীল রচনা অনুবাদের নিয়মাবলী

১৭৯০ সালে ইংল্যান্ডের লেখক আলেকজান্ডার ফ্রেজার টাইটলার সৃজনশীল রচনা বা ক্রিয়েটিভ রাইটিং এর অনুবাদের ক্ষেত্রে যে নিয়মাবলী তা ব্যাখ্যা করেন। সৃজনশীল রচনা অনুবাদ প্রসঙ্গে কতগুলি বিষয়ের দিকে দৃষ্টি দিতে লিখেছেন:





## সৃজনশীল রচনা অনুবাদের নিয়মাবলী

- ১) মূল কাজের একটি পূর্ণাঙ্গ চিত্র ধরে অনুবাদকের চিন্তা ভাবনা করতে হবে ।
- ২) মূল কাজের শৈলির যতদূর সম্ভব বজায় রাখতে হবে।
- ৩) অনুবাদকের দক্ষতা থাকতে হবে দুটি ভাষায়: মূল ভাষা ও অনুবাদকের নিজের ভাষায়।



## সৃজনশীল রচনা অনুবাদের নিয়মাবলী

- ৪) অনূদিত লেখক এর উদ্দেশ্য সম্পর্কে অনুবাদকের স্পষ্ট জ্ঞান থাকতে হবে।
- ৫) অনুবাদকের ভাষায় জটিলতা থাকা উচিত নয়, অনূদিত ভাষায় প্রচলিত ও সাধারণ্যে ব্যবহৃত শব্দাবলী সাহায্যে অনুবাদ করা উচিত।



ভাষাকে ভালবাসুন,  
আপনার লেখনি  
আপনাকে ভালবাসবে।

